

কলেজে পাঠ অনলাইনে

করোনা সংক্রমণের ভয়ে বন্ধ থাকা অনেকে কলেজই এগিয়ে এসেছে পড়ুয়াদের অনলাইনে পাঠ দিতে। হোয়াটসঅ্যাপ, গুগল ক্লাসরুম, স্কাইপ-এর সাহায্য নেওয়া হচ্ছে। সিলেবাস সময় মতো শেষ করতে শিক্ষক ও পড়ুয়াদের নিয়ে হোয়াটসঅ্যাপ গ্রুপ তৈরি হয়েছে বেলুড় লালবাবা কলেজে।

এখনও পর্বস্তু বাংলা, দর্শন, ভূসোল ও অর্থনীতিতে ওই গ্রুপ তৈরি করা হয়েছে বলে শুক্রবার জানান অব্যক্ত সঞ্জয় কুমার। বেথুন ও ভৈরব গাঙ্গুলি কলেজেও অনলাইনে পড়াশোনা শুরু হয়েছে। বঙ্গবাসী কলেজেও বিজ্ঞানের বিষয়গুলি অনলাইনে পড়ানো হচ্ছে।

নিজস্ব সংবাদদাতা